



কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪
Cumilla Palli Bidyut Samity-4
লাকসাম, কুমিল্লা।



web: pbs4.comilla.gov.bd e-mail: comillapbs4@gmail.com

স্মারক নং- ২৭.১২.১৯৭২.৫৭৬.০১.০৪৭.২২.

৫৫১২

তারিখঃ ৩০ অক্টোবর, ২০২২ খ্রিষ্টাব্দ
১৪ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ

বিষয়ঃ মালামাল পরিবহনের জন্য (RFQ) দরপত্র বিজ্ঞপ্তি।

অত্র সমিতির দাপ্তরিক প্রয়োজনে নিম্নবর্ণিত বিবরণ অনুযায়ী চট্টগ্রাম ওয়ারহাউজ হতে বরাদ্দপত্র নং-220734 ও 220735 (পিবিএস ফান্ড-০৮৪) অনুযায়ী কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর স্টোরে পরিবহনের জন্য আগ্রহী প্রকৃত ও অভিজ্ঞ পরিবহন ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে RFQ পদ্ধতিতে নিম্নবর্ণিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	আইটেম নং	বিবরণ	পরিমান (টি)	একক ওজন (কেজি)	মোট ওজন (কেজি)	ন্যূনতম দূরত্ব (কিঃ মিঃ)	একক মূল্য	মোট মূল্য
০১।	জি-২১	৫ কেভিএ ট্রান্সফরমার	১০০	২১৫.৯	২১৫৯০	১৫০		
০২।	জি-৪	১০ কেভিএ ট্রান্সফরমার	৫০	২৩৪.৬	১১৭৩০	১৫০		
০৩।	এইচ-১.১০০	ফিউজ কাট আউট	২০০	২০.২৫৬	৪০৫১.২	১৫০		
০৪	এইচ-২.০৯	লাইটনিং এয়ারেষ্টার	১০০	৯.৮০২	৯৮০.২	১৫০		
সর্বমোট=								

শর্তাবলীঃ

- আগ্রহী দরদাতাদের আগামী ০৭/১১/২০২২ খ্রিঃ তারিখ রোজ সোমবার বেলা ১২:০০ ঘটিকার মধ্যে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪, এর সদর দপ্তর, লাকসাম, কুমিল্লা ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা এর নীচতলায় অভ্যর্থনা কক্ষে রক্ষিত টেন্ডার বক্সে দরপত্র দাখিল করতে হবে। নির্ধারিত সময় উত্তীর্ণ হওয়ার পর কোন অবস্থাতেই দরপত্র গ্রহণ করা হবে না। ডাক ও কুরিয়ার যোগে কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- প্রাপ্ত দরপত্র সমূহ কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর সদর দপ্তর, লাকসাম, কুমিল্লা ও পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকায় দরপত্র দাখিলের দিনই অর্থাৎ আগামী ০৭/১১/২০২২ খ্রিঃ তারিখ রোজ সোমবার বেলা ১২:০৫ ঘটিকার সময় উপস্থিত প্রতিনিধিদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- খামের উপর “মালামাল পরিবহনের দরপত্র” কথাটি স্পষ্টাক্ষরে লিখে প্রতিষ্ঠানের সীলমোহর ও সীলগালাযুক্ত করে দরপত্র দাখিল করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- দরপত্রের সহিত প্রতিষ্ঠানের হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, ভ্যাট রেজিস্ট্রেশন, আয়কর সনদ, ব্যাংক সলভেন্সী ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- মালামাল পরিবহনকালে নিরাপত্তা ঝুঁকি সংক্রান্ত বিধিমালা অনুসরণ পূর্বক নিরাপদে পরিবহন করতে হবে।
- আগ্রহী প্রতিষ্ঠানের অবশ্যই মালামাল পরিবহনের অভিজ্ঞতা থাকতে হবে এবং দরপত্রের সাথে অভিজ্ঞতার প্রমাণপত্র দাখিল করতে হবে।
- নির্ধারিত সময়ের মধ্যে বর্ণিত কাজ সম্পাদন করতে ব্যর্থ হলে প্রতিদিনের বিলম্বের জন্য কার্যাদেশের মোট মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে জরিমানা আরোপযোগ্য হবে। এই ধরনের বিলম্ব মাশুল কার্যাদেশে লিখিত মোট মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।
- কার্যাদেশ প্রাপ্তির পর কুমিল্লা পবিস-৪ এবং কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের মধ্যে মালামাল পরিবহন, লোডিং এবং আনলোডিং কাজ সংক্রান্ত বিষয়ে ৩০০.০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদন করতে হবে।
- সন্তোষজনক ভাবে বর্ণিত কাজ সম্পাদন করা হলে চালান ও বিল দাখিল সাপেক্ষে ডিজিএম(কারিগরী) ও এজিএম(ইএন্ডসি) এর প্রত্যয়নের পর হিসাবের খাতে প্রদেয় চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ভ্যাট ও আয়কর কর্তন করা হবে।
- কুমিল্লা পবিস-৪ যে কোন ধরনের কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- দরপত্রের শর্তাবলীতে উল্লেখ নাই এমন বিষয়ে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(মোঃ ছাদেক জামান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ

- পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (সদয় অবগতির জন্য)।
- জেলা প্রশাসক/ পুলিশ সুপার, কুমিল্লা।
- নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, কুমিল্লা (দক্ষিণ)।
- সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার.....পবিস-১/২/৩/৪।
- উপজেলা নির্বাহী অফিসার,..... উপজেলা, কুমিল্লা
- ডিজিএম, কারিগরী-সদর দপ্তর/নাঞ্চলকোট/মনোহরগঞ্জ জোনাল অফিস, কুমিল্লা পবিস-৪।
- সহকারী প্রকৌশলী, বাপবিবো, কুমিল্লা (দক্ষিণ)
- এজিএম (অর্থ/সদস্য সেবা), কুমিল্লা পবিস-৪।
- মেসার্স
- নোটিশ বোর্ড/ওয়েব সাইট, কুমিল্লা পবিস-৪ (এজিএম (আইটি) সমিতির ওয়েব সাইটে বিজ্ঞপ্তি প্রদানের ব্যবস্থা নিবেন)।
- অফিস/মাষ্টার নথি।

(মোঃ ছাদেক জামান)
জেনারেল ম্যানেজার